

“বৌতুক দেয়া-নেয়া শাস্তিযোগ্য অপরাধ”

“প্রিয়জনকে বই উপহার দিন”



অগ্রণী ব্যাংক লিমিটেড

গ্র্যানিং, কো-অর্ডিনেশন এন্ড মার্কেটিং ডিভিশন

হেড অফিস : ৩৭, দিলকুশা বা/এ, সানমুন স্টার টাওয়ার, (১২ তলা), ঢাকা

TELEPHONE: 9587117

Mail: dgmpcmd@agranibank.org

পিসিএমডি/উপবৃত্তি/৩৭ /২০১৭

তারিখঃ ১৩/০২/২০১৭ইং ।

উপ-মহাব্যবস্থাপক/
সহকারী মহাব্যবস্থাপক/
ব্যবস্থাপক
অগ্রণী ব্যাংক লিমিটেড
সেকায়েপ কার্যক্রম ভুক্ত সকল শাখা
বাংলাদেশ ।

বিষয়ঃ- সেকায়েপ প্রকল্পভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, সংগঠক এবং এসিটিসহ অন্যান্য সুবিধাভোগীগণের ব্যাংক হিসাব হতে সার্ভিস চার্জ কর্তন না করা এবং নূন্যতম স্থিতি ১০/- টাকা রাখা প্রসঙ্গে ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, (সেকায়েপ) থেকে অগ্রণী ব্যাংকের মাধ্যমে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠান, পিটিএ, এসিটি এবং পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির সংগঠকগণকে বিভিন্ন খাতে অর্থ প্রেরণ করা হয়। এসব অর্থ প্রেরণের জন্য প্রকল্পের নির্দেশেই ব্যাংক হিসাব খোলা হয়েছে যার লেনদেনের পরিমাণ খুবই কম। মাঠ পর্যায়ে বিভিন্ন ব্যাংক শাখা এসব হিসাব পরিচালনার ক্ষেত্রে Annual Maintenance Charge, VAT-সহ অন্যান্য সার্ভিস চার্জ আদায় করছে। অত্র ব্যাংকের সাথে স্বাক্ষরিত Participation Agreement অনুযায়ী প্রকল্পের সুবিধাভোগীদের এসব ব্যাংক হিসাব হতে এ ধরনের সার্ভিস চার্জ কর্তন করা যাবে না। প্রকল্প কর্তৃপক্ষ বিতরণকৃত অর্থের উপর কেন্দ্রীয়ভাবে অগ্রণী ব্যাংক লিমিটেড এর অনুকূলে নির্ধারিত হারে সার্ভিস চার্জ প্রদান করে। সেকায়েপ প্রকল্প দেশের দরিদ্রতম উপজেলার মাধ্যমিক শিক্ষার গুণগত মান উন্নয়নের কাজ করায় সেবা গ্রহীতা কর্তৃক পরিচালিত এসব ব্যাংক হিসাব-এ নূন্যতম স্থিতি ১০(দশ) টাকা রাখা যাবে।

এমতাবস্থায়, বর্ণিত স্মারকের আলোকে প্রকল্পভুক্ত উপজেলার উল্লিখিত সুবিধাভোগীগণ কর্তৃক পরিচালিত ব্যাংক হিসাব হতে Annual Maintenance Charge, VAT-সহ যে কোন ধরনের সার্ভিস চার্জ কর্তন না করার জন্য এবং ব্যাংক হিসাব স্থিতি নূন্যতম ১০(দশ) টাকা রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হলো।

আপনার বিশ্বস্ত

স্বাঃ/-

(মির্জা মোঃ শাহাদাৎ হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

অনুলিপিঃ

০১। উপ-মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান শাখা, মতিঝিল, ঢাকা।

০২। অফিস কপি।

উপ-মহাব্যবস্থাপক